23

দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUL 1995
পৃষ্ঠা ৩ কলাম ৫

## নকলে বাধা দেওয়ায়—

কালিয়ায় এইচএসসি পরীক্ষার্থীর নকল ধরাকে কেন্দ্র করিয়া পরিদর্শক ছুরিকাহত এবং নবীনগরে টি-এন-ও'র গাড়ী ভাংচুর করা হইয়াছে। খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

( ৭ম পৃ: দ্র: )

## নকলে বাধা দেওয়ায়

(৩য় পৃ: পর)

**কালিয়া (নড়াইল)** ॥ এই থানার বড়দিয়া মুন্সী মানিক মিয়া কলেজ কেন্দ্রের চলতি এইচ,এস,সি পরীক্ষার দ্বিতীয় দিনে গত ৮ই জুলাই নকলে বাধা দেওয়ায় ইনভিজিলেটর দেলওয়ার হোসেন ছুরিকাহত হইয়াছেন। সন্ত্রাসী পরীক্ষার্থীদের উন্মত্ত তাণ্ডবে কলেজের কম্পিউটার সেটসহ ৫ লক্ষাধিক টাকার সম্পদ ভাংচুর হইয়াছে।

কলেজের অধ্যক্ষ থানায় দায়েরকৃত এজাহারে উল্লেখ করেন যে, বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষার দিন বেলা সোয়া ১২টায় পরীক্ষা চলাকালে কেন্দ্রের ১৪ নং কক্ষে পরীক্ষার্থীর "নকল" ধরাকে কেন্দ্র করিয়া সৃষ্ট কলহে ঐ কেন্দ্রে কর্তব্যরত ইনভিজিলেটর লোহাগড়া কলেজের দর্শন বিভাগের সহ-অধ্যাপক দেলওয়ার হোসেনকে কতিপয় সন্ত্রাসী পরীক্ষার্থী ছুরিকাহত করে। রক্তাক্ত অবস্থায় পুলিশ তাহাকে উদ্ধার করিয়া নড়াইল সদর হাসপাতালে পাঠায়। এই সময় বিপুল সংখ্যক পরীক্ষার্থী অবাধ নকলের সুবিধার দাবীতে কয়েকটি শ্রেণীকক্ষ ও কলেজ অফিস কক্ষ ভাংচুর করে। তাহারা অফিস কক্ষে রক্ষিত নূতন কম্পিউটার সেট, বৈজ্ঞানিক যন্ত্রপাতি, আলমারী, দরজা-জানালা, টেবিল-চেয়ার ও মূল্যবান মালামালসহ সাড়ে ৪ লক্ষাধিক টাকার সম্পদ ভাঙ্গিয়া বিনষ্ট করে। অধ্যক্ষ এজাহারে আরও উল্লেখ করেন যে, পরীক্ষার্থীরা অফিসের আলমারীতে রাখা নগদ ৩০ হাজার ৪৮৮ টাকা, পরীক্ষার খাতা অতিরিক্ত খাতা এবং ২২ টি উত্তর পত্র লুট করিয়া লইয়া যায়।

পুলিশ জানায়, উন্মুক্ত পরীক্ষার্থীদের এই তাণ্ডব থামাইতে পুলিশ ১ রাউণ্ড কাঁদনে গ্যাসের সেল নিক্ষেপ করে। একটি সূত্র জানায় একজন পরীক্ষার্থী রিভলবার দিয়ে ৩/৪ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। পুলিশও ১ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। ঘটনাস্থলে উপস্থিত নড়াইলের জেলা প্রশাসক ও পুলিশ সুপারের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণে পরিস্থিতি শান্ত হয়। উল্লেখ্য, নকলের সুযোগের জন্য দেশের বিভিন্ন স্থান হইতে প্রতি বছর বিপুল পরিমাণ পরীক্ষার্থী এই কেন্দ্রে মোটা অঙ্কের টাকা খরচ করিয়া পরীক্ষা দিতে আসে।

চলতি পরীক্ষার প্রথম দিনে ৪১ জন ও দ্বিতীয় দিনে ৩৭ জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অসাদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়।

**ব্রাহ্মণবাড়িয়া :** গত ৮ই জুলাই বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষার দিনে নবীনগর সরকারী কলেজ কেন্দ্রে নকল করিতে না দেওয়ায় ও কলেজ ছাত্র সংসদের নেতৃবৃন্দকে পরীক্ষা হলে প্রবেশ করিতে না দেওয়ায় পরীক্ষা শেষ হওয়ার পূর্ব মুহূর্তে কলেজ ছাত্র সংসদের নেতৃবৃন্দের নেতৃত্বে একদল ছাত্র কলেজ ক্যাম্পাসে প্রবেশ করিয়া নবীনগর থানা নির্বাহী কর্মকর্তার গাড়ী ভাংচুর করে এবং কলেজ অধ্যক্ষের কক্ষে ইট-পাটকেল নিক্ষেপ করে। ঘটনার সংবাদ পাইয়া পুলিশ ঘটনাস্থলে পৌঁছিয়া পরিস্থিতি আয়ত্তে আনে। এ ব্যাপারে থানায় মামলা হইয়াছে।